

**অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRS) মাসিক প্রতিবেদন**

**শিল্প মন্ত্রণালয়**

মাসের নাম: নভেম্বর/২০২১

মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থার নাম	বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা		মোট (১+২)	পূর্বের জের	মোট অভিযোগ (৩+৪)	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা (৫-৬)	মন্তব্য (% সহ)
	পত্র/দরখাস্ত যোগে	অনলাইনে							
	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
শিল্প মন্ত্রণালয়	-	০৪	০৪	০৬	১০	০৬	পরিশিষ্ট-ক	০৪	অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে।
বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি)	০২	-	০২	০৩	০৫	০১	পরিশিষ্ট-ক	০৪	ঐ
বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি)	-	-	-	-	-	-	-	-	-
বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি)	-	-	-	০৮	০৮	০২	পরিশিষ্ট-ক	০৬	অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে।
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)	০১	-	০৪	০৫	০৫	-	-	০৫	ঐ
বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)	-	-	-	-	-	-	-	-	-
বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই)	-	০১	-	-	০১	০১	পরিশিষ্ট-ক	-	-
বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)	-	-	-	-	-	-	-	-	-
বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)	-	-	-	-	-	-	-	-	-
ন্যাশনাল প্রডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)	-	-	-	-	-	-	-	-	-
পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডি)	-	-	-	-	-	-	-	-	-
প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়	-	-	-	-	-	-	-	-	-
ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমইএফ)	-	-	-	-	-	-	-	-	-
মোট	০৩	০৫	১০	২২	২৬	১০	-	১৯	

৭

১। শিল্প মন্ত্রণালয়:

- (ক) বিসিআইসি CCCL প্রকল্পের কাজের অনিয়ম ও দুর্নীতি প্রসঙ্গে মাহবুবুল হক মানিক, কর্মচারী কল্যান পরিষদের পক্ষে প্রাপ্ত অভিযোগটি মন্ত্রণালয়ের যুগ্ম সচিব, জনাব মো: আবুল খায়ের তদন্ত করেন। তদন্ত মতে অভিযোগটি প্রমাণিত হয়নি মর্মে নিষ্পত্তি করা হয়েছে।
- (খ) মো: আরিফ হোসেন, মার্কেটিং কাম সেলস এসিসটেন্ট (প্রাক্তন) মৌচাষ প্রকল্প, বিসিক এর নিকট প্রাপ্ত বিসিক নিয়ন্ত্রিত আধুনিক পদ্ধতিতে মৌচাষ প্রকল্পের দুর্নীতি সংক্রান্ত অভিযোগটি মন্ত্রণালয়ের উপসচিব, জনাব শরিফ মো: মাসুদ তদন্ত করেন। তদন্ত মতে অভিযোগ যথাযথ প্রতীয়মান হয়নি মর্মে নিষ্পত্তি করা হয়েছে।
- (গ) Dr. Md. Zakir Hossain নামক একজন ব্যক্তি অভিযোগের বিষয়ে শুধুমাত্র 'Test' শব্দটি উল্লেখ করে অনলাইনে অভিযোগ করেন। আবেদনটি অসম্পূর্ণ হওয়ায় অভিযোগকারীকে অবহিত করে অভিযোগটি নিষ্পত্তি করা হয়েছে।
- (ঘ) জনাব শরিফ আহমেদ নামক ব্যক্তি 'গুচ্ছ ভার্শিটি পরীক্ষা' বিষয়ে অনলাইনে একটি অভিযোগ করেন যা এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট নয় বিধায় নিষ্পত্তি করা হয়েছে।
- (ঙ) অনলাইনে নাম, ঠিকানা বিহীন একটি অভিযোগ এসেছে যার বিষয় 'বিআইএম বিএসসি জাল সার্টিফিকেটধারী পিজিডি এইচ আর এম কোর্স করে কিভাবে'। অভিযোগটির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে নিষ্পত্তির জন্য লামিয়া ফারহা, উচ্চতন ব্যবস্থাপনা উপদেষ্টা, BIM এর নিকট প্রেরণ করা হয়েছে মর্মে অভিযোগটি নিষ্পত্তি করা হয়েছে।
- (চ) Muktaderul Islam Mahir নামক একজন 'Registration' বিষয়ে অনলাইনে একটি অভিযোগ করেন যা এ মন্ত্রণালয়ের সাথে সংশ্লিষ্ট নয় বিধান নিষ্পত্তি করা হয়েছে।

২। বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি):

- (ক) শিল্প মন্ত্রণালয়ের এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখার গত ০৫/০৯/২০২১ তারিখের পত্রসাপ্ত প্রেরিত সংস্বাধীন জেএফসিএল কারখানার ২০,০০০ মে:টন সার আত্মসাতের অভিযোগ তদন্ত শেষে প্রতিবেদন দাখিল করা হয়েছে। প্রতিবেদন অনুযায়ী দোষীদের বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে অভিযোগটি জিআরএস হতে বিভাগীয় মামলায় স্থানান্তর করা হয়েছে।

৩। বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি):

- (ক) গাজী ওয়ারস লি: এর অফিস সহকারী জনাব মো: মাসুদের রহমান এর বিরুদ্ধে ভূয়া এইচএসসি পাসের সার্টিফিকেট ও প্রভাব খাটিয়ে জুনিয়র করণিক পদে চাকুরী গ্রহণ বিষয়ে প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে গাজী ওয়ারস লি: কর্তৃক অভিযুক্তের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বিধায় অভিযোগটি নিষ্পন্ন হিসেবে বিবেচিত।

৭

- (খ) ন্যাশনাল টিউবস লিঃ এর ডিলার জনাব এস এম আক্বাস এর নিকট হতে জনাব মোঃ সাইফুল ইসলাম এর বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন অনুযায়ী অভিযোগসমূহের কোন সত্যতা পাওয়া যায়নি বিষয় অভিযোগটি নিষ্পন্ন হিসেবে বিবেচিত।

৪। বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই):

- (ক) ম্যারিকো বাংলাদেশ লিঃ এর প্রতিনিধি জনাব মোঃ জাহাঙ্গীর আলম অভিযোগ করেন যে, ইসলামবাগ, চকবাজার, ঢাকা এলাকায় প্যারাসুট ব্র্যান্ডের নারিকেল তেল নকল করা হচ্ছে। উক্ত অভিযোগের প্রেক্ষিতে সরেজমিন যাচাই করা হয়। যাচাইয়ান্তে অভিযোগের সত্যতা পাওয়ায় গত ১৫.১১.২০২১ খ্রিঃ তারিখে নূর হাসান স্ক্রিন প্রিন্ট, ১৩/এ, ইসলামবাগ, চকবাজার, ঢাকা নামীয় প্রতিষ্ঠানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা আদায় এবং ১ হাজার পিস বোতল ধ্বংস করা হয়। বিষয়টি অভিযোগকারীকে জানিয়ে দেয়া হয়েছে।

৫